

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
ফোন-০২-৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ-৮৮-০২-৯৫৬২৯১৩
Visit <http://www.pwd.gov.bd>

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০২২.১৫/

হি-১

তারিখ- -----

বরাবর

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

(দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, বাজেট অধিশাখা)

বিষয়ঃ- মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন (গণভবন) এর দৈনন্দিন পরিষ্কার পরিচ্ছন্নতা কাজের জন্য হিসাবের কোড নং-৩-৩২৫১-০০০০-৪৮৭৫-পরিষ্কার পরিচ্ছন্নতা ব্যয় উপখাতে ২০১৬-২০১৭-আর্থিক সালের মূল বাজেট বরাদ্দের অতিরিক্ত অর্থ বরাদ্দ/সংস্থান করণ প্রসঙ্গে।

সূত্রঃ- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকার স্মারক নং-/৭৭০ তারিখ-০৮-০৯-১৬ইং (কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয়ে সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে ২০১৬-২০১৭-আর্থিক সালে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন (গণভবন) এর দৈনন্দিন পরিষ্কার পরিচ্ছন্নতা কাজের জন্য হিসাবের কোড নং-৩-৩২৫১-০০০০-৪৮৭৫-পরিষ্কার পরিচ্ছন্নতা ব্যয় উপখাতে =৪২০.০০ লক্ষ (চার কোটি বিশ লক্ষ) টাকার চাহিদা পাওয়া গিয়াছে। কিন্তু ২০১৬-২০১৭-আর্থিক সালে ৪৮৭৫-পরিষ্কার পরিচ্ছন্নতা ব্যয় উপখাতের মূল বাজেট বরাদ্দ =৩২৫.০০ লক্ষ (তিন কোটি পঁচিশ লক্ষ) টাকা; যা মাঠ পর্যায় হইতে প্রাপ্ত চাহিদা হইতে =৯৫.০০ লক্ষ (পঁচানব্বই লক্ষ) টাকা কম।

২০১৬-২০১৭-আর্থিক সালে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন (গণভবন) এর দৈনন্দিন পরিষ্কার পরিচ্ছন্নতা কাজ =৩২৫.০০ লক্ষ (তিন কোটি পঁচিশ লক্ষ) টাকায় সম্পাদন করা সম্ভবপর হবে না বিধায় আরও =৯৫.০০ লক্ষ (পঁচানব্বই লক্ষ) টাকা অর্থ বরাদ্দ প্রয়োজন।

এমতাবস্থায়, ২০১৬-২০১৭-আর্থিক সালের সংশোধিত বাজেট বরাদ্দের হিসাবের কোড নং-৩-৩২৫১-০০০০-৪৮৭৫-পরিষ্কার পরিচ্ছন্নতা ব্যয় উপখাতে অতিরিক্ত =৯৫.০০ লক্ষ (পঁচানব্বই লক্ষ) টাকার সংস্থান/ বরাদ্দ প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ-বর্ণনামতে ২ পাতা।

(মোসলেহ উদ্দীন আহাম্মদ)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোন-৯৫৬৮৯১৪।

E-mail: se_coord@pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০২২.১৫/১১১/১৬

হি-১

তারিখ-

২১/০৬/১৪ইং
২৬/০৬/২০১৬ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা। ইহা তাহার সূত্রস্থ স্মারক পত্রের বরাতে।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা।
- ০৪। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৫। নির্বাহী প্রকৌশলী(ই/এম), এম,আই,এস সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৬। গার্ড ফাইল, হিসাব শাখা-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(মোসলেহ উদ্দীন আহাম্মদ)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।